

Date: October 24, 2022 Notice By: NBPM Batch 98

123456789

প্রিয় বিদ্যালয়

প্রিয় বিদ্যালয়. কিরে কেমন আছিস আচ্ছা, তোর কি আমাদের কথা একবারও মনে পড়ে না? এত দুষ্টু ছিলাম আমারা। ফাঁকা লাগেনা তোর মাঠটা? নাকি ওই নতুনদের নিয়েই মেতে আছিস? বলছি শোন না, জানিস ভীষণ ভাবে ফিরতে ইচ্ছে করে তোর কাছে। তখন তো ভেবেছিলাম বড়ো হলে কত স্বাধীনতা পাবো, কলেজ যাবো, অফিস যাবো, জানিস সব পেয়েছি। কিন্তু তোর মতো কাউকে এখনো পেলাম না। এখন কলেজ, অফিস করে কত ক্লান্ত হয়ে যাই, কিন্তু তোর কাছে থাকলে সারাদিন ছুটোছুটি করেও ঘরে আসতাম ভরপুর সতেজতা নিয়ে। তাই আর একবার ফিরতে চাই। সেই বেঞ্চের নামগুলোকে একবার ছুঁয়ে দেখতে চাই, হয়তো মুছে গেছে এতোদিনে, তাও। বিশ্বাস কর, এবার আর তোকে অভিযোগের কোনো সুযোগ দেব না, খুব বাধ্য হয়ে থাকবো, সবার কথা শুনবো, একদম প্রমিস। বলনা ফিরিয়ে নিবি আমায়? ইতি– তোর প্রাক্তন একজন

You Just Don't Know It Yet, but School Is One Of The Best Places In This Planet To Exist Peacefully.